## ৪১

## প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান) নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ১৩.০৮.২০১০ [কোড : হেমন্ত] সময় : ১ ঘণ্টা ১০ মিনিট
পূর্ণমান : ৮০

**০১. 'স্ক্যানার' হল একটি-**
ক. আউটপুট ডিভাইস খ. ইনপুট ডিভাইস
গ. কো-অর্ডিনেটিং ডিভাইস ঘ. মিক্সড ডিভাইস

উত্তর ✓ খ ব্যাখ্যা কম্পিউটারের যে ডিভাইস সমূহ তথ্য গ্রহণ করে তাকে ইনপুট ডিভাইস বলে। যেমন: মাউস, স্ক্যানার, প্রভৃতি।

**০২. 'ফ্রেইঞ্জ বেকেনবাওয়ার' বিখ্যাত-**
ক. ক্রিকেটার হিসেবে খ. সাঁতারু হিসেবে
গ. ফুটবলার হিসেবে ঘ. দৌড়বিদ হিসেবে

উত্তর ✓ গ ব্যাখ্যা ফ্রেইঞ্জ বেকেনবাওয়ার বিখ্যাত জার্মান ফুটবলার। তিনি ১৯৪৫ সালের ১১ সেপ্টেম্বর জার্মানির মিউনিখে জন্মগ্রহণ করেন। তিনি খেলোয়াড় হিসেবে ১৯৭২ সালে ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ এবং ১৯৭৪ সালে ফিফা বিশ্বকাপ জয় করেন। বেকেনবাওয়ার ম্যানেজার হিসেবে পশ্চিম জার্মানির হয়ে ১৯৯০ সালে ফিফা বিশ্বকাপ জয় করেন।

**০৩. 'কথা' এর সমার্থক শব্দ কোনটি?**
ক. তনয়া খ. বচন
গ. খাদক ঘ. পিক উত্তর খ


**০৪. 'উত্তম' এর সমার্থক শব্দ কোনটি?**
ক. প্রধান খ. দীনতা
গ. বিকাশ ঘ. বিভু উত্তর ক

**০৫. বৃত্তের বৃহত্তম জ্যা হচ্ছে-**
ক. ব্যাসার্ধ খ. ব্যাসার্ধের অর্ধেকের সমান জ্যা
গ. ব্যাস ঘ. কেন্দ্র হতে দূরবর্তী জ্যা টি উত্তর গ

**০৬. স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ-**
ক. এক সমকোনের অর্ধেক খ. দুই সমকোণ
গ. তিন সমকোণ ঘ. এক সমকোণ

উত্তর ✓ ঘ ব্যাখ্যা আমরা জানি, বৃত্তের যে কোন বিন্দুতে অংকিত স্পর্শক স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।

$\therefore \angle OAB = 90°$




**০৭. 'Milk and water'– phraseটির অর্থ কী?**
ক. Pure milk and water খ. Dirty milk and water
গ. Lifeless, dull ঘ. Colourless things

উত্তর ✓ গ ব্যাখ্যা 'Milk and water' means 'Life less or dull'. অর্থাৎ এই Phrase টি নির্জীব, নীরস, নিষ্প্রভ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়।

**০৮. 'In black and white'– phraseটির অর্থ কী?**
ক. Verbally খ. In writing
গ. Temporary ঘ. False

উত্তর ✓ খ ব্যাখ্যা In black and white অর্থ লিখিতভাবে।

| প্রদত্ত অপশন | অর্থ |
|---|---|
| Verbally | মৌখিকভাবে |
| In writing | লিখিতভাবে |
| Temporary | অস্থায়ী |
| False | মিথ্যা |

**০৯. 'Calm'-এর সমার্থক শব্দ কোনটি?**
ক. Quiet খ. Angry
গ. Inflamed ঘ. Agitated

উত্তর ✓ ক ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Calm | শান্ত, নিস্তব্ধ, নিথর। |
| Agitated | বিক্ষুব্ধ, উত্তেজিত। |
| Quite | শান্ত, নিস্তব্ধ। |
| Angry | ক্রুদ্ধ, রাগান্বিত। |
| Inflamed | রাগান্বিত, প্রজ্বলিত। |

**১০. 'Immortal'-এর সমার্থক শব্দ কোনটি?**
ক. Mortal খ. Deathless
গ. Finite ঘ. Translent

উত্তর ✓ খ ব্যাখ্যা

| Word | Meaning |
|---|---|
| Immortal | অমর, অবিনশ্বর, অক্ষয়। |
| Deathless | মৃত্যুহীন, অমর, অক্ষয়। |
| Mortal | নশ্বর, মরণশীল। |
| Finite | সীমাবদ্ধ, সীমিত। |
| Transient | ক্ষণস্থায়ী। |

সুতরাং 'Immortal' শব্দের সমার্থক শব্দ হচ্ছে 'Deathless'।

**১১. কমিশনের হার ৩.৫ টাকা হলে ৩০০০ টাকা মূল্যের জিনিস বিক্রয় করে কত কমিশন পাওয়া যাবে?**
ক. ৯০ টাকা খ. ১০০ টাকা
গ. ১০৫ টাকা ঘ. ১১০ টাকা

উত্তর ✓ গ ব্যাখ্যা
১০০ টাকায় কমিশন ৩.৫ টাকা

$\therefore$ " " $\dfrac{৩.৫ \times ৩০০০}{১০০}$

= ১০৫ টাকা

**১২. যার আগমনের কোনো তিথি নেই– এক কথায় কী?**
ক. ভিখারী খ. অতিথি
গ. শরণার্থী ঘ. একাদশে বৃহস্পতি

উত্তর ✓ খ ব্যাখ্যা কতিপয় এক কথায় প্রকাশ : যার কোনো তিথি নেই– অতিথি, দমন করা যায় না যাকে– অদম্য, যিনি অতিশয় হিসাবি– পাটোয়ারি, যে অগ্র-পশ্চাৎ চিন্তা না করে কাজ করে- অবিমৃশ্যকারী, ক্ষমার যোগ্য– ক্ষমার্হ।

**১৩. গ্যাসের চাপ নির্ণয়ের যন্ত্র–**
ক. ম্যানোমিটার খ. পাইরোমিটার
গ. হাইগ্রোমিটার ঘ. ব্যারোমিটার উত্তর ক

**১৪. I am looking forward —— you. বাক্যটির শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. seeing খ. to see
গ. to have seen ঘ. to seeing

উত্তর ✓ ঘ ব্যাখ্যা 'Look forward to', 'get/be used to', 'with a view to' ইত্যাদির পরে (verb + ing) form বসে। সেই হিসেবে অপশন ঘ 'to seeing' একমাত্র সঠিক Answer। প্রদত্ত বাক্যের অর্থ আমি তোমাকে দেখার প্রতীক্ষায় আছি।

**১৫. I spent —— with the patient- বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–**

ক. sometimes খ. some time
গ. sometime ঘ. some times

উত্তর ✓ খ ব্যাখ্যা প্রদত্ত gap এ একটি শব্দ বসবে যার অর্থ সময় অপশন (ক) তে Sometimes একটি Adverb যার অর্থ ' মাঝে মাঝে'। অপশন (খ) তে Some time একটি adverb যার অর্থ কিছু সময়। এটিই সঠিক উত্তর। আর তৃতীয় ও চতুর্থ শব্দগুলো structure এ আছে বিধায় এগুলোও ভুল। প্রশ্নে প্রদত্ত বাক্যের অর্থ: আমি রোগীটির সাথে কিছু সময় কাটালাম।

**১৬. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৮। ছোট সংখ্যাটি ৬৫ হলে, বড় সংখ্যাটি কত?**

ক. ৯১ খ. ১০৪
গ. ১১৭ ঘ. ৪০

উত্তর ✓ খ ব্যাখ্যা মনে করি, সংখ্যা দুটি যথাক্রমে ৫x ও ৮x

শর্তমতে, ৫x = ৬৫

$$x = \frac{৬৫}{৫} = ১৩$$

∴ বড় সংখ্যাটি = ৮ × ১৩ = ১০৪

**১৭. দুটি রাশির অনুপাত ৪:৭। পূর্ব রাশি ২৪ হলে, উত্তর রাশি কত?**

ক. ৪২ খ. ৪৯
গ. ৫৬ ঘ. ৬৪ উত্তর: ক

**১৮. 'শিরে-সংক্রান্তি' বাগ্‌ধারাটির অর্থ কী?**

ক. মাথার বোঝা খ. মহাবিপদ
গ. আসন্ন বিপদ ঘ. মাথায় বিপদ

উত্তর ✓ গ ব্যাখ্যা কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা : আমড়াগাছি করা (অযথা তোষামোদ করা), চর্বিত চর্বণ (পুনরাবৃত্তি), রামগরুড়ের ছানা (গোমড়ামুখো ব্যক্তি), খয়ের খাঁ (চাটুকার), খেজুরে আলাপ (অকাজের কথা)।

**১৯. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন-**

ক. সৈয়দ নজরুল ইসলাম খ. তাজউদ্দিন আহমেদ
গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. শাহ আব্দুল হামিদ

উত্তর ✓ খ ব্যাখ্যা বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে এবং শপথগ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১ সালে। তাজউদ্দিন আহমদ ছিলেন এই সরকারের প্রধানমন্ত্রী। তিনি ১২ জানুয়ারি ১৯৭২ সাল পর্যন্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন। তার অধীনে যে সকল মন্ত্রণালয় বা বিভাগ ছিলো সেগুলো হচ্ছে- কেবিনেট ডিভিশন, প্রতিরক্ষা, তথ্য ও বেতার, প্লানিং এন্ড ইকোনমিক অ্যাফেয়ার্স।

**২০. কোন বাক্যটি শুদ্ধ?**

ক. We get up at dawn.
খ. More he gets, the more he wants.
গ. See the word in the dictionary.
ঘ. There is no place in my room.

উত্তর ✓ ক ব্যাখ্যা অপশন (ক) তে আছে 'We get up at down' অর্থাৎ আমরা খুব ভোরে উঠি। এটিই সঠিক উত্তর যেহেতু বাক্যটি শুদ্ধ। অপশন (খ) তে 'More' এর পূর্বে The বসলে; অপশন (গ) see the word এর পরিবর্তে 'Look up the word' বসালে এবং অপশন (ঘ) তে 'Place' এর পরিবর্তে 'room' থাকলে বাক্যগুলো সঠিক হতো।

**২১. কোন বাক্যটি শুদ্ধ?**


ক. He shouted in the top of his voice.
খ. He shouted with the top of his voice.
গ. He shouted on the top of his voice.
ঘ. He shouted at the top of his voice.

উত্তর ✓ ঘ ব্যাখ্যা অপশনগুলোতে 'Shout' এর পরে in, with, on, এবং at বসানো হয়েছে। অপশন (ক), (খ), ও (গ) সঠিক নয়। কেননা 'shout' এরপর appropriate preposition হিসেবে 'at' ব্যবহৃত হয়।

**২২. ১, ৩, ৬, ১০, ১৫, ... ক্রমটির পরবর্তী পদ কত?**

ক. ১৮ খ. ২১
গ. ২৪ ঘ. ৩০

উত্তর ✓ খ ব্যাখ্যা




**২৩. ১, ৩, ৪, ৭, ১১, ১৮, ..... ক্রমটির পরবর্তী পদ কত?**

ক. ২৫ খ. ২৯
গ. ৩৬ ঘ. ৪২

উত্তর ✓ খ ব্যাখ্যা পরপর দুইটি সংখ্যার যোগফল = পরবর্তী সংখ্যা ১ + ৩ = ৪

সুতরাং ১১ + ১৮ = ২৯

**২৪. কোন বানানটি শুদ্ধ?**

ক. বিভিষীকা খ. বীভিষিকা
গ. বীভিষীকা ঘ. বিভীষিকা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ শব্দ : মরীচিকা, সংবরণ, ব্রাহ্মণ, চাণক্য, চিন্ময়, নির্দোষ, সৌন্দর্য, স্বাতন্ত্র্য, রমণীয়, নিক্বণ, সুষম, আষাঢ়, অনুষদ।

**২৫. কোন বানানটি শুদ্ধ?**

ক. রূপায়ন খ. রুপায়ন
গ. রূপায়ণ ঘ. রুপায়ণ

উত্তর ✓ গ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : শ্রদ্ধাঞ্জলি, মুহূর্ত, মুমূর্ষু, সান্ত্বনা, পরিপক্ব, চতুষ্পদ, দুর্ঘটনা, দুরবস্থা, দুরূহ, ক্ষুণ্ণ, ক্ষতিগ্রস্ত, উপর্যুপরি, উল্লিখিত, মন্ত্রিত্ব, বুভুক্ষু, ভূগোল, ভৌগোলিক।

২৬. ২০০৬ সালে বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয়েছিল?

ক. নেদারল্যান্ড খ. জাপান
গ. ইতালি ঘ. জার্মানি

উত্তর ✓ ঘ ১৮তম ফিফা বিশ্বকাপ ২০০৬ সালে অনুষ্ঠিত হয় জার্মানিতে। এই বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয় ইতালি এবং রানার্সআপ হয় ফ্রান্স। ২০০৬ বিশ্বকাপে সেরা খেলোয়াড় হিসেবে 'অ্যাডিডাস গোল্ডেন বল' পান জিনেদিন জিদান।

২৭. পৃথিবীর একমাত্র উপগ্রহ-

ক. সূর্য খ. বুধ
গ. চন্দ্র ঘ. শুক্র উত্তর গ

২৮. চন্দ্রে অবতরণকারী প্রথম চন্দ্রযানের নাম-

ক. ভয়েজার-১ খ. অ্যাপোলো-১১
গ. ভয়েজার-২ ঘ. চ্যালেঞ্জার উত্তর খ

২৯. হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র-

ক. কম্পাস খ. স্টেথোস্কোপ
গ. গ্যালভানোমিটার ঘ. কার্ডিওগ্রাফ

উত্তর ✓ ঘ হৃৎপিণ্ডে যখন স্পন্দন চলে তখন হৃৎপিণ্ডের বিভিন্ন অঞ্চলের পেশি থেকে যে বৈদ্যুতিক প্রবাহ সৃষ্টি হয় তা যন্ত্রের মাধ্যমে গ্রাফ কাগজে লিপিবদ্ধ করা হয়। সেই লেখচিত্রই হল কার্ডিওগ্রাফ। এটি হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র।

**৩০. He said, 'What a pity!" বাক্যটির Indirect speech হবে-**

ক. He said that it was a great pity
খ. He exclaimed that it is a great pity
গ. He exclaimed that it was a great pity
ঘ. He exclaimed that it is great pity

উত্তর ✓ গ Exclamatory Sentence হওয়ার কারণে 'Reporting verb' 'said' এর পরিবর্তে indirect Speech এ 'exclaimed'; অতঃপর that বসাতে হবে এবং 'Reporting verb'এর tense অনুযায়ী direct বাক্যের reported speech এর 'it is' (উহা আছে) এর পরিবর্তে past tense এ 'it was' (যা একমাত্র অপশন গ- তে আছে) বসাতে হবে। এবং সবশেষে a/an + great (what এর পরিবর্তে) + বাকি অংশ বসাতে হবে। উল্লেখ্য অপশন (ক) সঠিক হতো যদি 'said' এর পরিবর্তে 'exclaimed' থাকতো।

**৩১. He said, "Alas! I am ruined." বাক্যটির Indirect speech হবে–**

ক. He exclaimed with sorrow that he is ruined
খ. He exclaimed with sorrow that he was ruined
গ. He exclaimed with sorrow that he has ruined
ঘ. He exclaimed with sorrow that he has been ruined

উত্তর ✓ খ 'Reporting verb' হিসেবে 'said' এবং তারপরে Alas! থাকায় এগুলোর পরিবর্তে Indirect speech এ 'exclaimed with sorrow' বসাতে হবে ও conjunction হিসেবে 'that' ব্যবহার হবে। অতঃপর subject (he) এবং tense ও person অনুযায়ী 'to be' verb (was) + বাকি অংশ ব্যবহার করতে হবে।

৩২. একটি পাঠ্যবই প্রকৃত মূল্যের শতকরা ৯০ ভাগ মূল্যে ৭২ টাকায় বিক্রয় করা হল। বইটির প্রকৃত মূল্য কত?

ক. ৭০ টাকা খ. ৭৫ টাকা
গ. ৮০ টাকা ঘ. ৮১ টাকা

উত্তর ✓ গ

বিক্রয় মূল্য ৯০ টাকা হলে প্রকৃতমূল্য ১০০ টাকা

" ১ " $= \frac{১০০}{৯০}$

" ৭২ " $= \frac{১০০ \times ৭২}{৯০}$

$= ৮০$ টাকা

৩৩. 'অত্যন্ত' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. অতি + অন্ত খ. অতী + অন্ত
গ. অত্যৎ + অন্ত ঘ. অত্য + অন্ত

উত্তর ✓ ক ই-কার বা ঈ-কারের পর ই, ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই, ঈ স্থানে য বা (্য ফলা) হয়। যেমন:

| | | |
|---|---|---|
| অতি + ঊর্ধ্ব = অত্যূর্ধ্ব | অতি + উগ্র = অত্যুগ্র | নি + অস্ত = ন্যস্ত |
| প্রতি + উত্তর = প্রত্যুত্তর | পরি + অন্ত = পর্যন্ত | প্রতি + উষ = প্রত্যূষ |

৩৪. 'মনীষা' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. মন + ইষা খ. মনস্‌ + ঈষা
গ. মন + ঈষা ঘ. মনস্‌ + ইষা

উত্তর ✓ খ নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য; আ + পদ = আস্পদ; বন্‌ + পতি = বনস্পতি; মনস্‌ + ঈষা = মনীষা; ষট্‌ + দশ = ষোড়শ; এক + দশ = একাদশ; গো + পদ = গোষ্পদ; দিব্‌ + লোক = দ্যুলোক; পতৎ + অঞ্জলি = পতঞ্জলি।

৩৫. বাংলাদেশ রেলওয়ের সার্বিক সদর দপ্তর অবস্থিত–

ক. পাকশী খ. লালমনিরহাট
গ. পাহাড়তলী ঘ. ঢাকা

উত্তর ✓ ঘ বাংলাদেশ রেলওয়ের সার্বিক সদর দপ্তর ঢাকার রমনায় অবস্থিত। বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল এই দুইটি অঞ্চলে বিভক্ত। পূর্বাঞ্চলের সদর দপ্তর চট্টগ্রাম এবং পশ্চিমাঞ্চলের সদর দপ্তর রাজশাহীতে অবস্থিত।

৩৬. সূর্যোদয়ের অব্যবহিত পূর্বের সময়কে বলা হয়-

ক. উষা খ. মধ্যাহ্ন
গ. গোধূলি ঘ. রাত্রি উত্তর ক

৩৭. 'খাসিয়া উপজাতি' কোন জেলায় অধিক বাস করে?

ক. ময়মনসিংহ খ. সিলেট
গ. কক্সবাজার ঘ. চট্টগ্রাম

উত্তর ✓ খ খাসিয়া বা খাসি মঙ্গোলীয় বংশোদ্ভূত উপজাতি। খাসিয়ারা সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় বাস করে। খাসিয়াদের ধর্ম খ্রিস্টান এবং ভাষা খাসি। বাংলাদেশের গারো ও খাসিয়া উপজাতির পারিবারিক কাঠামো মাতৃতান্ত্রিক।

৩৮. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা হল-

ক. ভিটামিন এ খ. ভিটামিন সি
গ. লৌহ ঘ. ক্যালসিয়াম উত্তর গ

৩৯. কোন জারক রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাধায়?

ক. রেনিন খ. পেপসিন
গ. ট্রিপসিন ঘ. এমাইলেজ উত্তর ক

www.exambd.net



**৪০. 'Who can do it?' বাক্যটির Passive form হবে-**

ক. By whom can it be did
খ. By whom can it be do
গ. By whom could it be done
ঘ. By whom can it be done

**উত্তর ✓ ঘ** Who যুক্ত Interrogative sentence কে passive করার নিয়ম: By whom (who এর পরিবর্তে) + tense ও person অনুযায়ী 'auxiliary verb' (এক্ষেত্রে can) + Active এর object (it) + tense অনুযায়ী be/being/been (এক্ষেত্রে be) + vvp/v3 + '?' প্রশ্নবোধক চিহ্ন ব্যবহার করতে হয়।

**৪১. 'I shall do the work' বাক্যটির Passive form হবে–**

ক. The work shall be done by me
খ. The work shall be done with me
গ. The work will be done by me
ঘ. The work would be done by me

**উত্তর ✓ গ** Active voice এর object + tense ও person অনুযায়ী auxiliary verb + vpp/3 + by + Active এর subject এর objective case।

**৪২. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৪২ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৪৯। দ্বিতীয় সংখ্যাটি কত?**

ক. ৫ খ. ৬
গ. ৭ ঘ. ৮

**উত্তর ✓ গ** ধরি, প্রথম সংখ্যা x
২য় সংখ্যা ( x + ১)

শর্তমতে, x (x + ১) = ৪২
$\Rightarrow x^2 + x - ৪২ = 0$
$\Rightarrow x^2 + ৭x - ৬x - ৪২ = ০$
$\Rightarrow x( x + ৭) - ৬(x + ৭) = ০$
$\Rightarrow (x + ৭) (x - ৬) = ০$

| | |
|---|---|
| x + ৭ = ০ | x − ৬ = ০ |
| x = −৭ | x = ৬ |
| প্রযোজ্য নহে | গ্রহণযোগ্য মান |

∴ প্রথম সংখ্যা = ৬
দ্বিতীয় সংখ্যা ৬ + ১ = ৭

**৪৩. কোনো শ্রেণীতে ২৫ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে, শিক্ষকের বয়স কত?**

ক. ৫৬ বছর খ. ৬২ বছর
গ. ৬৪ বছর ঘ. ৬৫ বছর

**উত্তর ✓ খ** ২৫ জন ছাত্রের মোট বয়স (২৫ × ১০)
= ২৫০ বছর

শিক্ষক সহ ২৫ জন ছাত্রের মোট বয়স (২৬ × ১২) = ৩১২
∴ শিক্ষকের বয়স = ৩১২ − ২৫০
= ৬২ বছর।

**৪৪. পিতা ও মাতার গড় বয়স ৩৬ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ২৮ বছর হলে, পুত্রের বয়স কত?**

ক. ৯ বছর খ. ১১ বছর
গ. ১২ বছর ঘ. ১৫ বছর

উত্তর গ

**৪৫. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল–**

ক. ঢাকায় খ. কোলকাতায়
গ. মেহেরপুরে ঘ. চট্টগ্রামে

**উত্তর ✓ গ** বাংলাদেশের প্রথম বা অস্থায়ী সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুরে। ১৭ এপ্রিল ১৯৭১ সালে মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার (বর্তমান মুজিবনগর) ভবেরপাড়া গ্রামের আমবাগানে অস্থায়ী সরকার শপথগ্রহণ করে।

**৪৬. বেমানান (মানানোর অভাব) কোন সমাস?**

ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বিগু

**উত্তর ✓ ক** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। সামীপ্য (নৈকট্য), বীপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, ক্ষুদ্র, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন : আমিষের অভাব = নিরামিষ।

**৪৭. প্রাণভয় (প্রাণ যাওয়ার ভয়) কোন সমাস?**

ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. অব্যয়ীভাব

**উত্তর ✓ খ** কতিপয় মধ্যপদলোপী কর্মধারয় সমাস :

| | | |
|---|---|---|
| দ্বাদশ | দ্বি অধিক দশ | মধ্যপদলোপী কর্মধারয় |
| ধর্মকর্ম | ধর্মবিহিত কর্ম | মধ্যপদলোপী কর্মধারয় |
| ধর্মঘট | ধর্ম রক্ষার্থে যে ঘট | মধ্যপদলোপী কর্মধারয় |
| ধর্মকার্য | ধর্ম বিহিত কার্য | মধ্যপদলোপী কর্মধারয় |

**৪৮. বাংলাদেশের জাতীয় উদ্যান-**

ক. রমনা উদ্যান খ. বোটানিক্যাল উদ্যান
গ. বলধা গার্ডেন ঘ. সোহরাওয়ার্দী উদ্যান

**উত্তর ✓ ঘ** সঠিক উত্তর নেই। বাংলাদেশকে মোট ১৭টি উদ্যানকে জাতীয় উদ্যান ঘোষণা করা হয়েছে। বাংলাদেশের জাতীয় বন সুন্দরবন। জাতীয় উদ্ভিদ উদ্যান বোটানিক্যাল গার্ডেন।

**৪৯. বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর-এর পদবী কী ছিল?**

ক. লেফটেন্যান্ট খ. ক্যাপ্টেন
গ. ল্যান্স নায়েক ঘ. সিপাহী

**উত্তর ✓ খ** বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীর সেনাবাহিনীতে ক্যাপ্টেন পদে কর্মরত ছিলেন। তিনি ১৯৪৯ সালের ৭ মার্চ বরিশালের বাবুগঞ্জে জন্মগ্রহণ করেন। বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে চাঁপাইনবাবগঞ্জের রেহাইচরে সম্মুখযুদ্ধে শহিদ হন। তাকে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে ছোট সোনা মসজিদ প্রাঙ্গনে সমাহিত করা হয়েছে।

**৫০. চট্টগ্রাম কোন নদীর তীরে অবস্থিত?**

ক. লুসাই খ. গোমতি
গ. সুরমা ঘ. কর্ণফুলী

**উত্তর ✓ ঘ** নদীর তীরবর্তী শহর

| নদী | শহর/বন্দর/পৌরসভা |
|---|---|
| গোমতি | কুমিল্লা সদর, দাউদকান্দি |
| সুরমা | সিলেট, ছাতক, সুনামগঞ্জ |
| কর্ণফুলী | রাঙামাটি, চট্টগ্রাম সদর, চট্টগ্রাম বন্দর |

কর্ণফুলী নদীর উৎপত্তিস্থল ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়।

**৫১. আয়তনে বৃহত্তম মহাসাগর কোনটি?**

ক. ভারত মহাসাগর খ. উত্তর মহাসাগর
গ. প্রশান্ত মহাসাগর ঘ. দক্ষিণ মহাসাগর

উত্তর: গ আয়তনে বিশ্বের বৃহত্তম ও গভীরতম মহাসাগর প্রশান্ত মহাসাগর। প্রশান্ত মহাসাগরের পশ্চিমে এশিয়া ও ওশেনিয়া মহাদেশ অবস্থিত এবং পূর্বে উত্তর আমেরিকা ও দক্ষিণ আমেরিকা মহাদেশ অবস্থিত। পৃথিবীর গভীরতম স্থান মারিয়ানা ট্রেঞ্চ প্রশান্ত মহাসাগরে অবস্থিত।

**৫২. ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না-**

ক. অভিস্রবণ খ. সালোকসংশ্লেষণ
গ. শ্বসন ঘ. রেচন

উত্তর: খ

**৫৩. উদ্ভিদের বৃদ্ধি সবচেয়ে বেশি হয়-**

ক. কাণ্ডের অগ্রভাগে খ. মূলের অগ্রভাগে
গ. পাতায় ঘ. মূল ও কাণ্ডের অগ্রভাগে

উত্তর: ঘ

**৫৪. মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ-**

ক. যকৃত খ. স্নায়ু
গ. কিডনি ঘ. ত্বক

উত্তর: ঘ

**৫৫. কোন বানানটি শুদ্ধ?**

ক. Believable খ. Belevable
গ. Believeble ঘ. Belevable

উত্তর: ক

**৫৬. কোনো পরিবারে ১০ জন সদস্যের ৩০ দিনের খাবার আছে। ৫ জন অতিথি আসলে ঐ খাদ্যে সদস্যদের মোট কতদিন চলবে?**

ক. ২০ দিন খ. ২৪ দিন
গ. ২৫ দিন ঘ. ৩০ দিন

উত্তর: ক

অতিথি আসাতে মোট সদস্য = (১০ + ৫) = ১৫ জন
১০ জন সদস্যের খাবার আছে ৩০ দিনের
১ " " " " ৩০ × ১০
১৫ " " " " $\frac{৩০ \times ১০}{১৫}$
= ২০ দিন

**৫৭. <u>পড়াশোনায়</u> মন দাও– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী
গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী

উত্তর: গ ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : আধার (স্থান) : আমরা রোজ স্কুলে যাই। কাল (সময়) : প্রভাতে সূর্য ওঠে।

**৫৮. <u>টাকায়</u> অসাধ্য সাধন হয়। শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী
গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী

উত্তর: খ 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমন : নীরা কলম দিয়ে লেখে। (উপকরণ– কলম)।

**৫৯. আগ্রার দুর্গের নির্মাতা কে?**

ক. সম্রাট শাহজাহান খ. সম্রাট হুমায়ুন
গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট জাহাঙ্গীর

উত্তর: ক আগ্রা দুর্গ বা আগ্রার লালকেল্লা মোগল রাজবংশের রাজকীয় আবাসস্থল। দুর্গটি ভারতের উত্তর প্রদেশের আগ্রায় যমুনা নদীর তীরে অবস্থিত। ষোড়শ শতাব্দীতে সম্রাট আকবরের রাজত্বকালে এই দুর্গের নির্মাণ কাজ শুরু হয়। তবে সম্রাট আকবরের পৌত্র সম্রাট শাহজাহানের আমলে সপ্তদশ শতাব্দীতে আগ্রা দুর্গ তার বর্তমান রূপ লাভ করে।

**৬০. ২০১০ সালের বিশ্বকাপ ফুটবলে কোন দেশ চতুর্থ স্থান অধিকার করেছে?**

ক. উরুগুয়ে খ. জার্মান
গ. প্যারাগুয়ে ঘ. ঘানা

উত্তর: ক ১৯তম ফিফা বিশ্বকাপ-২০১০ অনুষ্ঠিত হয় দক্ষিণ আফ্রিকায়। এই বিশ্বকাপে অংশগ্রহণ করে ৩২টি দল। চ্যাম্পিয়ন হয় স্পেন, রানার্সআপ নেদারল্যান্ডস। তৃতীয় স্থান অধিকার করে জার্মানি এবং চতুর্থ স্থান অধিকার করে উরুগুয়ে।

**৬১. সৌরজগতের বৃহত্তম গ্রহ কোনটি?**

ক. শুক্র খ. বুধ
গ. বৃহস্পতি ঘ. মঙ্গল

উত্তর: গ

**৬২. উত্তর গোলার্ধে সবচেয়ে বড় দিন কোনটি?**

ক. ২৩ মার্চ খ. ২১ জুন
গ. ২২ সেপ্টেম্বর ঘ. ২২ ডিসেম্বর

উত্তর: খ

**৬৩. যখন বন্দুক থেকে গুলি ছোড়া হয়, তখন–**

ক. বন্দুক লাফিয়ে ওঠে
খ. বন্দুক একই ভরবেগে পিছিয়ে আসে
গ. বন্দুক সামনে এগিয়ে যায়
ঘ. বন্দুক আদৌ নড়ে না

উত্তর: খ যখন বন্দুক থেকে গুলি ছোড়া হয়, ত বন্দুকটি গুলির ভরবেগের সমান কিন্তু বিপরীতমুখী একটি ভরবেগ লাভ করবে। এই কারণে বন্দুকটি পিছন দিকে গতি প্রাপ্ত হয়।

**৬৪. চাপের একক হচ্ছে-**

ক. প্যাসকেল খ. কুলম্ব
গ. নিউটন ঘ. ভোল্ট

উত্তর: ক

**৬৫. শব্দ রেকর্ড করার জন্য ব্যবহৃত যন্ত্র হল–**

ক. Barometer খ. Lactometer
গ. Phonograph ঘ. Odometer

উত্তর: গ

**৬৬. কোন বানানটি শুদ্ধ?**

ক. Barier খ. Barieir
গ. Barriar ঘ. Barrier

উত্তর: ঘ

**৬৭. কোন বানানটি শুদ্ধ?**

ক. Absorbe খ. Abserb
গ. Absorb ঘ. Abserbe

উত্তর: গ

**৬৮. যে পরিমাণ খাদ্যে ১৫ জন লোকের ৪০ দিন চলে, ঐ পরিমাণ খাদ্যে ২০ জন লোকের কতদিন চলবে?**

ক. ২৫ দিন খ. ৩০ দিন
গ. ৩২ দিন ঘ. ৩৫ দিন

উত্তর: খ

১৫ জন লোকের চলে ৪০ দিন
১ " " " ৪০ × ১৫
২০ " " $\frac{৪০ \times ১৫}{২০}$
= ৩০ দিন

৬৯. 'বেদের মেয়ে' নাটকটির রচয়িতা কে?
ক. জসীমউদ্দীন খ. সৈয়দ শামসুল হক
গ. তারাপদ সিকদার ঘ. দীনবন্ধু মিত্র **উত্তর ক**

৭০. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী দ্বিতীয় দেশ-
ক. নেপাল খ. মায়ানমার
গ. থাইল্যান্ড ঘ. ভুটান

**উত্তর ✓ Blank ব্যাখ্যা** সঠিক উত্তর নেই। বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দেশ ভুটান এবং দ্বিতীয় দেশ ভারত। ভুটান ও ভারত দুই দেশই বাংলাদেশকে ৬ ডিসেম্বর ১৯৭১ সালে স্বীকৃতি দিয়েছিলো। তবে ভারতের কয়েক ঘণ্টা আগে ভুটান স্বীকৃতি দিয়ে তারবার্তা পাঠায়।

৭১. $3x + y = 9$ এবং $5x - y = 7$ হলে, x ও y এর মান হবে যথাক্রমে–
ক. 3, –2 খ. 4, –3
গ. 2, 3 ঘ. 1, 6

**উত্তর ✓ গ ব্যাখ্যা**

$$3x + y = 9 \text{ ———— (i)}$$
$$5x - y = 7 \text{ ———— (ii)}$$

যোগ করে, $8x = 16$

$$x = \frac{16}{8} = 2$$

(i) নং- এ $x = 2$ বসিয়ে পাই, $3.2 + y = 9$

$$\Rightarrow 6 + y = 9$$
$$\Rightarrow y = 9 - 6 = 3$$
$$\therefore y = 3$$

৭২. 'পদ্মানদীর মাঝি' মানিক বন্দ্যোপাধ্যায় রচিত একটি-
ক. উপন্যাস খ. নাটক
গ. গল্প ঘ. ভ্রমণ কাহিনি

**উত্তর ✓ ক ব্যাখ্যা** মানিক বন্দ্যোপাধ্যায়ের (১৯০৮-৫৬) 'পদ্মানদীর মাঝি' (১৯৩৬) নোয়াখালি অঞ্চলের জেলেজীবনভিত্তিক আঞ্চলিক উপন্যাস। উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র : হোসেন মিয়া, কুবের, কপিলা, ধনঞ্জয়।

৭৩. পলাশীর যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
ক. ১৭৫৬ সালে খ. ১৭৫৭ সালে
গ. ১৭৫৮ সালে ঘ. ১৭৬০ সালে

**উত্তর ✓ খ ব্যাখ্যা** বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলা ও ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানীর মধ্যে ১৭৫৭ সালের ২৩ জুন ভারতের পশ্চিমবঙ্গের পলাশী নামক স্থানে 'পলাশীর যুদ্ধ' সংঘটিত হয়। এ যুদ্ধে নবাবের পরাজয়ের মাধ্যমে ভারতবর্ষে ইংরেজ শাসন প্রতিষ্ঠার পথ সূচিত হয়।

৭৪. বায়োগ্যাস প্ল্যান্টে গোবর ও পানির অনুপাত কত?
ক. ১ : ২ খ. ২ : ১
গ. ১ : ৩ ঘ. ৩ : ১

**উত্তর ✓ ক ব্যাখ্যা** বায়োগ্যাস হলো পচনশীল জৈব বস্তুসমূহ হতে তৈরি গ্যাস। বায়োগ্যাস প্লান্টে গোবর ও পানির অনুপাত হলো ১ : ২।

৭৫. বাংলাদেশের মুসা ইব্রাহীম কত তারিখে পৃথিবীর সর্বোচ্চ পর্বত শৃঙ্গ এভারেস্টের শিখরে পা রাখেন?
ক. ২০ মে ২০১০ খ. ২১ মে ২০১০
গ. ২২ মে ২০১০ ঘ. ২৩ মে ২০১০

**উত্তর ✓ ঘ ব্যাখ্যা** মুসা ইব্রাহিম প্রথম বাংলাদেশী হিসেবে এভারেস্ট জয় করেন। তার বাড়ি লালমনিরহাট জেলায়। তিনি ২৩ মে ২০১০ সালে এভারেস্ট শৃঙ্গ জয় করেন। আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি পান ২৬ মে ২০১০ সালে। প্রথম বাংলাদেশী নারী হিসেবে এভারেস্ট জয় করেন নিশাত মজুমদার ১৯ মে ২০১২ সালে।

৭৬. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?
ক. ০° সেন্টিগ্রেড খ. ২° সেন্টিগ্রেড
গ. ৪° সেন্টিগ্রেড ঘ. ৬° সেন্টিগ্রেড **উত্তর গ**

৭৭. 'This ring is made of gold' বাক্যে 'gold' শব্দটি কোন প্রকারের Noun?
ক. Common noun খ. Collective noun
গ. Material noun ঘ. Abstract noun

**উত্তর ✓ গ ব্যাখ্যা** যে noun (দ্রব্য/ পদার্থ) কে গণনা করা যায় না কিন্তু ওজন করা যায় তাকে Material Noun বলে। প্রশ্নে প্রদত্ত 'gold' শব্দটি হচ্ছে Material Noun যা মৌলিক উপাদানের নাম বুঝাচ্ছে। অর্থাৎ 'Gold' Noun টি গণনা করা যায় না বরং শুধু পরিমাপ করা যায়।

৭৮. 'Our team is better than yours' বাক্যে 'team' শব্দটি কোন প্রকারের noun?
ক. Common noun খ. Collective noun
গ. Material noun ঘ. Abstract noun

**উত্তর ✓ খ ব্যাখ্যা** যে noun দ্বারা একজাতীয় ব্যক্তি বা বস্তুকে পৃথকভাবে না বুঝিয়ে তাদের সমষ্টিকে বুঝায় তাকে Collective Noun বলে। প্রশ্নে প্রদত্ত 'Team' দ্বারা a group of players (খেলোয়াড়ের সমষ্টি) বুঝানো হয়েছে বিধায় এটি collective Noun।

৭৯. $2x + 3y = 3$ এবং $4x - 5y = 17$ হলে, x ও y-এর মান হবে যথাক্রমে-
ক. 1, –3 খ. 2, –1
গ. 3, –1 ঘ. –3, –1

**উত্তর ✓ গ ব্যাখ্যা**

$$2x + 3y = 3 \text{ ——— (i)}$$
$$4x - 5y = 17 \text{ ——— (ii)}$$
$$(i) \times 2 \Rightarrow 4x + 6y = 6$$
$$4x - 5y = 17$$
$$- \quad + \quad -$$
$$11y = -11$$
$$y = -\frac{11}{11} = -1$$
$$y = -1$$

(i) নং এ Y এর মান বসিয়ে পাই, $2x + 3(-1) = 3$

$$\Rightarrow 2x - 3 = 3$$
$$\Rightarrow 2x = 3 + 3 = 6$$
$$x = \frac{6}{2} = 3$$
$$x = 3$$

৮০. 'বৃথা ত্রাসে প্রলয়ের সিন্ধু ও দেয়া-ভার, ঐ হল পুণ্যের যাত্রীরা খেয়া পার।'– এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?
ক. কাজী নজরুল ইসলাম খ. বেগম সুফিয়া কামাল
গ. শেখ ফজলুল করিম ঘ. সুকান্ত ভট্টাচার্য **উত্তর**